# অলি আহমদের রাষ্ট্রপতি প্রার্থিতা বৈধ ঘোষণা ইসির



অলি আহমদ। ছবি: সংগৃহীত

রাষ্ট্রপতি নির্বাচনে ১১ দলীয় ঐক্যজোটের পক্ষ থেকে মনোনীত এলডিপি চেয়ারম্যান কর্নেল (অব.) অলি আহমদ নির্বাচনে অংশ নেওয়ার ক্ষেত্রে ইসির অনুমোদন পেয়েছেন। তার জমা দেওয়া মনোনয়নপত্র যাচাই শেষে বৈধ বলে জানিয়েছে নির্বাচন কমিশন।

রোববার (১৬ আগস্ট) নির্বাচন ভবনে প্রধান নির্বাচন কমিশনার এএমএম নাসির উদ্দিনের নেতৃত্বে এ যাচাই কার্যক্রম হয়। 'নির্বাচনি কর্তা' হিসেবে প্রধান নির্বাচন কমিশনার নিজেই মনোনয়নপত্র পরীক্ষা করেন। এ সময় ১১ দলীয় জোটের প্রতিনিধিরা উপস্থিত ছিলেন।

অলি আহমদের পক্ষে দুটি মনোনয়নপত্র জমা দেওয়া হয়েছিল। যাচাই শেষে জামায়াত নেতা আব্দুল বাতেন জানান, প্রথম মনোনয়নপত্রেই প্রয়োজনীয় শর্ত পূরণ হয়েছে। ফলে দ্বিতীয়টি পরীক্ষা করার আর প্রয়োজন হয়নি।

আব্দুল বাতেন বলেন, অলি আহমদ প্রার্থিতা প্রত্যাহার করবেন না। ১১ দলীয় ঐক্যজোট নির্বাচনের শেষ ধাপ পর্যন্ত প্রতিদ্বন্দ্বিতায় থাকবে।

এদিকে আজ দুপুর ১২টায় বিএনপি ও সমমনা দলগুলোর প্রার্থী মির্জা ফখরুল ইসলাম আলমগীরের মনোনয়নপত্র যাচাই করার কথা রয়েছে। তফসিল অনুযায়ী, ১৮ আগস্ট বিকেল ৪টা পর্যন্ত প্রার্থিতা প্রত্যাহারের সুযোগ রয়েছে। ভোট অনুষ্ঠিত হবে ২০ আগস্ট।

১৯৯১ সালের পর এবারই প্রথম রাষ্ট্রপতি নির্বাচনে ভোটের আয়োজন করা হচ্ছে।

অলি আহমদের মনোনয়নপত্র এর আগে ১৩ আগস্ট সকালে নির্বাচন কমিশনে জমা দেয় ১১ দলীয় ঐক্যজোটের প্রতিনিধি দল। রাজধানীর শেরেবাংলা নগরে ইসি কার্যালয়ে মনোনয়নপত্র জমা দেওয়ার সময় প্রতিনিধি দলের নেতৃত্বে ছিলেন জোটের সমন্বয়ক ড. হামিদুর রহমান আযাদ।

জোটের শরিক দলগুলোর কয়েকজন শীর্ষ নেতাও ওই সময় উপস্থিত ছিলেন। তাদের মধ্যে ছিলেন মোহাম্মদ কামাল হোসেন, আব্দুল বাতেন, নাসীরুদ্দীন পাটোয়ারী, ইঞ্জিনিয়ার রাশেদ প্রধান ও মোস্তফিজুর রহমান ইরানসহ অন্যরা।